

যুক্ত

তারিখ ... ..  
পৃষ্ঠা ... ..

SEP 11 1972

## ফুলপুরে স্কুলের কমিটি নির্বাচনকে কেন্দ্র করে সংঘর্ষ : আহত ১১

ময়মনসিংহ ব্যারো/ফুলপুর প্রতিনিধি

গতকাল মঙ্গলবার সকালে ময়মনসিংহ জেলার ফুলপুর উপজেলার ছোট পোনিই গ্রামে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির নির্বাচনকে কেন্দ্র করে

প্রতিদ্বন্দ্বী দু'গ্রুপের মধ্যে এক সংঘর্ষে ৩ জন মহিলাসহ উভয় গ্রুপের ১১ জন আহত হয়েছেন। আহতদের মধ্যে গুরুতর ১ জন মহিলাসহ ৭ জনকে ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। ফুলপুর প্রতিনিধি জানান, গতকাল সকালে ছোট পোনিই সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির নির্বাচনে বিজয়ী কিতাব আলী গ্রুপের সঙ্গে পরাজিত মজিবুর গ্রুপের মধ্যে হামলা-পাল্টা হামলা ও সংঘর্ষ হয়। এতে এনামুল হক (২৩), কামাল হোসেন (২৫), মজিবুর (৪২), শাহজাহান (১৮), ফজিলা খাতুন (৫২), এমদাদুল (২৮), তফাজ্জল (৩৫), জান্নাতুল ফেরদৌস, সুফিয়া খাতুন, আলী একতার ও আবদুল জলিল আহত হন। এদের মধ্যে গুরুতর আহত ৭ জনকে ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। অন্যদের ফুলপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসা দেয়া হয়। এ ব্যাপারে কিতাব আলী বাদী হয়ে ১০ জনের নাম উল্লেখ করে ফুলপুর থানায় মামলা দায়ের করলে গতকালই পুলিশ হাকিম উদ্দিন ও নূর মোহাম্মদকে গ্রেফতার করে।